

## ব্যবসা-বাণিজ্য: করনীয় ও বর্জনীয়

বিভাগ/অধ্যায়ঃ ইসলামে ব্যবসার মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

৯-অপরের মাল হনন করার চেষ্টা করা যাবে না:

ব্যবসার জটিল মারপ্যাঁচে অন্যের মাল হরণ করা হারাম। আল্লাহ তা'আলা বলেন,

﴿ يَأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ لَا تَأْكَكُلُواْ أَمِكُلُواْ أَمِكُلُواْ أَمِكُمُ بِلَالتَبْطِلِ إِلَّا أَن تَكُونَ تِجُرَةً عَن تَرَاضٍ مِّنكُمِ ١٩ ﴾ [النساء : ٢٩]

"হে ঈমানদারগন তোমরা একে অপরের মাল অন্যায়ভাবে গ্রাস করো না। কেবলমাত্র তোমাদের পরস্পরের সম্মতিক্রমে যে ব্যবসা করা হয় তা বৈধ"। [সূরা আন-নিসা, আয়াত: ২৯]

হাদীসে এসেছে একটি ব্যবসায়িক লেনদেনে উভয় পক্ষই খুঁতসহ পণ্যেও সঠিক বর্ণনা দিতে হবে। ইসলামের বিজনেস কন্ডাক্ট সম্পর্কে জাবির রাদিয়াল্লাহু আনহু এভাবে বর্ণনা করেন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«رَحِمَ اللَّهُ رَجُلًا سَمْحًا إِذَا بَاعَ، وَإِذَا اشْتَرَى، وَإِذَا اقْتَضَى».

"আল্লাহ তার প্রতি দয়া বর্ষণ করুক যে বিক্রির সময়, ক্রয়ের সময় এবং অভিযোগের সময় সদয় থাকে"।[1]

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ২০৭৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=9528

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন